



রৌদ্র ও বৃষ্টি নিয়ে দু-চার কথা

শব্দের দূরকম প্রকার ভেদ। এক শব্দ আর এক নৈঃশব্দ। যেমন বৃষ্টি আর রৌদ্রুর, রৌদ্রুর আর বৃষ্টি। বৃষ্টি সরব, রৌদ্রুর অনুভব। রৌদ্রুর ছোঁয়া যায় না। তরঙ্গে তার সোনা ভরা রং। দিনের প্রথম আলো যখন তোমার মুখে পড়ে, তখন সুন্দর দেখায়। উজ্জ্বল্য বাড়ে। মনের গভীরে রৌদ্র, হৃদয় স্পর্শ করতে পারে। তোমার সঙ্গে সারা জীবন কাটাতে পারে। চল রৌদ্রময় কোনো সমুদ্রের ধারে, শুধু আমি আর তুমি— এক টুকরো জীবন কাটাই...

আর বৃষ্টি! সে তো আমার প্রথম প্রেমিক। অরণ্যের মাঝে আমরা দুজন, একান্তে জানলার ধারে হাত ধরাধরি করে বৃষ্টির দিকে হাত বাড়িয়েছি, অবিশ্রান্ত। নিজেদের অজান্তেই কখন যেন রচিত হয়ে চলেছে গভীর প্রেমের মহাকাব্য। মনে হচ্ছে পৃথিবীর কোন সেরা সুরকার কম্পোজ করেছেন, তার শ্রেষ্ঠ সুর...

বামবাম, বামবাম, বামবাম, বামবাম
টুপটাপ, টুপটাপ, টুপটাপ, টুপটাপ...

নমস্কার
হুমেন্দু দাস